

প্রিয়জনকে আলিঙ্গনের সময় বেঁধে দিলো বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 23 October, 2024



ডুনেদিন, নিউজিল্যান্ড: প্রিয়জনের বিদায়বেলায় আবেগ আপ্ত হওয়া স্বাভাবিক ঘটনা। বিমানবন্দরে দাঁড়িয়ে আপনজনদের বিদায় জানাতে গিয়ে অনেকে আলিঙ্গনও করেন। আর আবেগ আপ্ত অবস্থায় সেই আলিঙ্গন শেষ করতে কতটা সময় কেটে যাচ্ছে সেদিকে কারো খেয়াল থাকেনা। অর্থাৎ কতক্ষণ আলিঙ্গন করতে হবে এ নিয়ে কেউ হয়তো কখনও ভাবেনি।

তবে এক্ষেত্রে নিউজিল্যান্ডের ডুনেদিন শহরের ভ্রমণকারীদের পড়তে হবে সমস্যায়। সাউথ আইল্যান্ডের এই আন্তর্জাতিক বিমানবন্দরে আলিঙ্গনের জন্য বেঁধে দেওয়া হয়েছে সময়সীমা। এখানে সর্বোচ্চ তিন মিনিটে বেঁধে ফেলা হয়েছে বিদায়ী প্রিয়জনকে জড়িয়ে থাকার সময়।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, নিউজিল্যান্ডের ডুনেদিন শহরের বিমানবন্দরে স্বজনদের বিদায় জানাতে গেলে তিন মিনিটের বেশি আলিঙ্গন করা যাবে না বলে নির্দেশনা দেওয়া হয়েছে।

মূলত ট্রাফিক জ্যাম নিয়ন্ত্রণে এমন পদক্ষেপ নেয়া হয়েছে। কারণ গাড়ি দাঁড় করিয়ে আলিঙ্গন করতে গিয়ে বেশি সময় নিলে সেখানে আরও গাড়ির জটলা বাধে।

ডুনেডিন বিমানবন্দরের ড্রপ-অফ এলাকায় নতুনভাবে লাগানো সাইনবোর্ডে লেখা আছে, ‘সর্বোচ্চ আলিঙ্গনের সময় তিন মিনিট’।

যাদের বিদায়ের মুহূর্তে আরও বেশি সময়ের প্রয়োজন, তাদের বিমানবন্দরের পার্কিং এলাকায় যেতে পরামর্শ দেওয়া হয়েছে, যেখানে বিনামূল্যে ১৫ মিনিট পর্যন্ত পার্কিং সুবিধা দেওয়া হয়।

এ বিষয়ে বিমানবন্দরের সিইও ড্যান ডি বোনো জানান, গত সেপ্টেম্বর মাসে এ নতুন নিয়ম চালু করা হয়েছে- যাতে বিমানবন্দরের ড্রপ-অফ এলাকায় যানজটের মতো পরিস্থিতি এড়ানো যায় এবং পরিবেশ সুশৃঙ্খল রাখা যায়।

এটি মূলত যাত্রীদের দ্রুত বিদায় জানিয়ে ড্রপ-অফ এলাকার সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্যই করা হয়েছে। ‘তিন মিনিট যথেষ্ট সময় প্রিয়জনকে বিদায় জানাতে’ উল্লেখ করে তিনি বলেন, ‘এ সময়সীমা আসলে একটি মজার উপায়ে বলা, আপনিও আলিঙ্গন করুন এবং অপরকেও করার সুযোগ দিন।

এদিকে এ নতুন পদক্ষেপ সামাজিক যোগাযোগমাধ্যমে মিশ্র প্রতিক্রিয়া তৈরি করেছে। কেউ কেউ একে মৌলিক মানবাধিকারের লঙ্ঘন হিসেবে দেখছেন এবং মন্তব্য করেছেন, কেউ কীভাবে আলিঙ্গনের সময়সীমা নির্ধারণ করতে পারে?

অপরদিকে কেউ কেউ এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন এবং বলছেন যে ড্রপ-অফ জোনের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য এটি প্রয়োজন ছিল।

বিমানবন্দরের কর্তৃপক্ষ জানায়, যাত্রীদের আলিঙ্গনের সময়সীমা কঠোরভাবে প্রয়োগ করা হবে না। তবে দীর্ঘ আলিঙ্গন করার ইচ্ছা থাকলে তাদের পার্কিং এলাকায় গিয়ে তা সম্পন্ন করার পরামর্শ দেওয়া হবে।

-B